গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৬৮/২০১৯-২০২০

ঢাকা, ৩০ সেপ্টেম্বর সোমবার ২০১৯, ১৫ আশ্বিন ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। দুর্নীতিবাজ ও অসৎ ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ অব্যাহত থাকবে : নিউইয়র্কে নাগরিক সংবর্ধনায় প্রধানমন্ত্রী
২। প্রধানমন্ত্রী দিল্লি সফরে যাচ্ছেন আগামী বৃহস্পতিবার : প্রাধান্য পাবে পাঁচ বিষয়
৩। শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের সামনে নির্মিত আন্ডারপাসের অগ্রগতি ৭০ শতাংশ : সেতুমন্ত্রী
৪। সরকার এসএমই খাতের উন্নয়নকে শিল্পায়নের চালিকাশক্তি হিসেবে গ্রহণ করেছে : কৃষিমন্ত্রী
৫। সুশাসন প্রতিষ্ঠার জন্য অভিযান চলবে : গাজীপুরে স্বরাষ্ট্রমন্ত্রী
৬। ফ্রান্সের প্রাক্তন প্রেসিডেন্ট জ্যাক শিরাকের শেষকৃত্যে অংশ নিতে তথ্যমন্ত্রীর ঢাকা ত্যাগ
৭। তথ্য অধিকার নিশ্চিত করেছে এ সরকার : তথ্যমন্ত্রী
৮। আগামী পাঁচ বছরে জিডিপি প্রবৃদ্ধি দুই অঙ্কে যাবে : অর্থমন্ত্রী
৯। গ্রাম আদালতকে কার্যকর করা গেলে মামলার জট কমবে : স্থানীয় সরকার মন্ত্রী
১০। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে চলমান সমস্যা সমাধানে সরকার চেষ্টা করছে : সিলেটে শিক্ষামন্ত্রী
১১। অন্তর্ভুক্তিমূলক ব্যবসা সম্প্রসারণে বাংলাদেশ নিজস্ব কৌশল গ্রহণ করেছে : শিল্পমন্ত্রী
১২। সব নদী বন্দরে যাত্রীসেবা ও মানোন্নয়নে সরকার ৪৫টি টার্মিনাল পন্টুন নির্মাণ করছে : নারায়ণগঞ্জে নৌ-পরিবহণ প্রতিমন্ত্রী
১৩। জাতীয় চাঁদ দেখা কমিটির বৈঠক : পবিত্র আখেরি চাহার শম্বা ২৩ অক্টোবর
১৪। রোহিঙ্গা প্রত্যাবাসনে সেফ জোন সম্ভব নয় : জাতিসংঘ সাধারণ পরিষদে মিয়ানমার
১৫। ক্রয় নীতিমালা অনুসরণ করে কেনাকাটা করায় ৫ হাজার এক শ' কোটি টাকা সাশ্রয় : বাংলাদেশ সম্পর্কে বিশ্বব্যাংক প্রতিবেদন

চলমান পাতা-২

১। **দুর্নীতিবাজ ও অসৎ ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ অব্যাহত থাকবে : নিউইয়র্কে নাগরিক সংবর্ধনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুর্নীতিবাজদের বিরুদ্ধে হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, দুর্নীতিবাজ এবং অসৎ ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ অব্যাহত থাকবে। প্রধানমন্ত্রী বলেন, সন্ত্রাস, জঙ্গিবাদ, দুর্নীতি এবং মাদকের বিরুদ্ধে তাঁর সরকার জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। যদি কেউ অসৎ পথে অর্থ উপার্জন করে তাঁর বিরুদ্ধে সরকার কঠোর অবস্থান গ্রহণ করবে। সে যেই হোক না কেন, আমার দলের হলেও তাকে ছাড় দেয়া হবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২৮ সেপ্টেম্বর শনিবার নিউইয়র্কে স্থানীয় ম্যারিয়ট মারকুইজ হোটেলে তাঁর সম্মানে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ আয়োজিত এক নাগরিক সংবর্ধনায় এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ,১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১,ক.১), **ডেইলি সান** (পৃ,১,ক.১)।

২। **প্রধানমন্ত্রী দিল্লি সফরে যাচ্ছেন আগামী বৃহস্পতিবার : প্রাধান্য পাবে পাঁচ বিষয়**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৩ অক্টোবর বৃহস্পতিবার সরকারি সফরে ভারতের রাজধানী দিল্লি যাচ্ছেন। তিন দিনের এ সফরে তিনি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন এবং ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের 'ইন্ডিয়া ইকোনমিক সামিটে' অংশ নেবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার আসন্ন দিল্লি সফরে পাঁচটি বিষয় প্রাধান্য পাবে। এসব বিষয়ে সমঝোতা স্মারক ও চুক্তি স্বাক্ষর হতে পারে। সূত্র : **সমকাল** (শেষ পৃ.ক.১)।

৩। **শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের সামনে নির্মিত আন্ডারপাসের অগ্রগতি ৭০ শতাংশ : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের যুবলীগ নেতা সম্রাটের ব্যাপারে বলেছেন, শীঘ্রই সম্রাটের ব্যাপারে জানা যাবে। গতকাল (২৯ সেপ্টেম্বর রোববার) রাজধানীর বিমানবন্দর সড়কের শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের সামনে আন্ডারপাস নির্মাণ প্রকল্পের কাজের অগ্রগতি দেখার পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এ আন্ডারপাস নির্মাণকাজ নিয়ে সেতুমন্ত্রী বলেন, সেনাবাহিনী আন্তর্জাতিক মান বজায় রেখে প্রকল্পের কাজ করছে। কাজের অগ্রগতি ৭০ শতাংশ সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ের ৬ মাস আগেই চলতি বছরের ডিসেম্বরে কাজ শেষ হবে। বাংলাদেশে প্রথম পুশ ব্যাক পদ্ধতিতে এ আন্ডারপাস নির্মাণ করা হচ্ছে। বাংলাদেশ সেনাবাহিনীর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড ও ২৫ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্যাটালিয়ন এ প্রকল্প বাস্তবায়ন করছে। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,৩,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

৪। **সরকার এসএমই খাতের উন্নয়নকে শিল্পায়নের চালিকাশক্তি হিসেবে গ্রহণ করেছে : কৃষিমন্ত্রী**

দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে থাকা ক্ষুদ্র উদ্যোক্তারা দেশের মূল অর্থনীতিতে বড় ভূমিকা রাখছে জানিয়ে কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, তরুণরাই কৃষিকে লাভবান কৃষিতে রূপান্তর করবে। গতকাল (২৯ সেপ্টেম্বর রোববার) রাজধানীর একটি হোটেলে ১৪তম সিটি ক্ষুদ্র উদ্যোক্তা পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, উদ্যোক্তা তৈরি হলে বিনিয়োগ বাড়বে, যা দেশের অর্থনীতিতে প্রভাব ফেলবে। বাংলাদেশ আজ যে অবস্থানে এসেছে তার পেছনে ক্ষুদ্র উদ্যোক্তাদের ভূমিকা রয়েছে। বর্তমান সরকার এসএমই খাতের উন্নয়নকে শিল্পায়নের চালিকাশক্তি হিসেবে গ্রহণ করে এ খাতকে অগ্রাধিকারখাত হিসেবে চিহ্নিত করেছে। মন্ত্রী ক্ষুদ্রঋণ প্রদানকারী সংস্থাগুলোকে ক্ষুদ্রঋণের সুদের হার কমানোর আহ্বান জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৩), **নিউজ টুডে** (পৃ,২,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ,১,ক.৭)।

৫। **সুশাসন প্রতিষ্ঠার জন্য অভিযান চলবে : গাজীপুরে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, ক্যাসিনোর গডফাদার বলতে কিছু নেই। আমাদের কাছে অপরাধী অপরাধীই। যেই অপরাধ করবে তাকেই বিচারের মুখোমুখি হতে হবে। সুশাসন প্রতিষ্ঠার জন্য এ অভিযান চলবে। গতকাল (২৯ সেপ্টেম্বর রোববার) গাজীপুরের কালিয়াকৈর উপজেলার সফিপুর আনসার ও ভিডিপি প্রশিক্ষণ একাডেমির ৩৫ ও ৩৬তম বিসিএস আনসার কর্মকর্তাদের মৌলিক প্রশিক্ষণ ও এমএইচএস কোর্স সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৮), **নিউজ টুডে** (পৃ,১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৩)।

৬। **ফ্রান্সের প্রাক্তন প্রেসিডেন্ট জ্যাক শিরাকের শেষকৃত্যে অংশ নিতে তথ্যমন্ত্রীর ঢাকা ত্যাগ**

ফ্রান্সের সদ্যপ্রয়াত প্রাক্তন প্রেসিডেন্ট জ্যাক শিরাকের শেষকৃত্যে অংশ নিতে প্যারিসের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। জ্যাক শিরাকের শেষকৃত্যে বাংলাদেশের প্রতিনিধিত্ব করতে তিনি গতকাল (২৯ সেপ্টেম্বর রোববার) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে আজ (৩০ সেপ্টেম্বর সোমবার) এ শেষকৃত্যে বিশ্বের বিভিন্ন রাষ্ট্রের প্রতিনিধিবৃন্দের সঙ্গে তথ্যমন্ত্রী অংশ নেবেন। আগামী ২ অক্টোবর বুধবার তথ্যমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক,৮), **সমকাল** (পৃ,৪,ক.৮)।

**৭।  তথ্য অধিকার নিশ্চিত করেছে এ সরকার : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, বর্তমান সরকার ২০০৯ সালের ৬ জানুয়ারি নতুন সরকার গঠনের পর সংসদের প্রথম অধিবেশনেই তথ্য অধিকার আইন পাস করেছে। এর মাধ্যমে প্রমাণ করেছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার মানুষের তথ্যের অধিকার নিশ্চিত করার জন্যই কাজ করছে। এ পর্যন্ত তথ্য প্রদান-সংক্রান্ত এক লাখ অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। গতকাল (২৯ সেপ্টেম্বর রোববার) রাজধানীর শাহবাগে বিসিএস প্রশাসন একাডেমি প্রাঙ্গণে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে তথ্য কমিশন আয়োজিত বর্ণাঢ্য র‌্যালি উদ্বোধনকালে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,৩,ক.১)।

**৮।  আগামী পাঁচ বছরে জিডিপি প্রবৃদ্ধি দুই অঙ্কে যাবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত হবে। ঐ সময় খাদ্য, পোশাক ও বাসস্থানের অভাবে থাকা মানুষ এদেশে খুঁজে পাওয়া যাবে না। তিনি বলেন, আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, আগামী পাঁচ বছরের মধ্যে জিডিপি প্রবৃদ্ধি দুই অঙ্কের ঘরে পৌঁছাবে। গতকাল (২৯ সেপ্টেম্বর রোববার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) আয়োজিত ব্লকচেইন প্রযুক্তি ব্যবহার এবং বাংলাদেশে এর সম্ভাবনা নিয়ে আয়োজিত সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ,১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)।

**৯।  গ্রাম আদালতকে কার্যকর করা গেলে মামলার জট কমবে : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, গ্রাম আদালত কার্যকর করা গেলে দেশের আদালতগুলোতে মামলা জট অনেকটাই কমে আসবে। গতকাল (২৯ সেপ্টেম্বর রোববার) রাজধানীর সোনারগাঁও হোটেলে ‘গ্রাম আদালত নিয়ে জনসচেতনতা বাড়াতে গণমাধ্যমের ভূমিকা’ নিয়ে আয়োজিত মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনাও বিভিন্ন সময়ে গ্রাম আদালত কার্যকর করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব প্রদান করে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেছেন। জুলাই ২০১৭ হতে আগস্ট ২০১৯ পর্যন্ত দুই বছরে প্রকল্প এলাকার বিভিন্ন ইউনিয়নে ১ লাখ ৩৩ হাজার ৬৬৪টি মামলা নথিভুক্ত হয়েছে। এরমধ্যে ১ লাখ ৬ হাজার ৭০২টি মামলার রায় প্রদান করা হয়েছে এবং ১ লাখ ৩৩৩টি মামলার সিদ্ধান্ত (রায়) বাস্তবায়ন হয়েছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.২), **সমকাল** (পৃ.৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১০।  দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে চলমান সমস্যা সমাধানে সরকার চেষ্টা করছে : সিলেটে শিক্ষামন্ত্রী**

দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে চলমান সমস্যা সমাধানে সরকার চেষ্টা করছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. দীপু মনি। সাম্প্রতিক সময়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের অনিয়ম-দুর্নীতি ও আন্দোলন প্রসঙ্গে তিনি বলেন, দু’একটি বিশ্ববিদ্যালয়ে সমস্যা হলেও বাকি সব বিশ্ববিদ্যালয় সঠিকভাবে চলছে। আলোচনার মাধ্যমে দ্রুততার সঙ্গে এসব সমস্যা সমাধানের চেষ্টা করা হচ্ছে। গতকাল (২৯ সেপ্টেম্বর রোববার) সিলেট সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজে মিড-ডে মিল কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক,৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক,৭)।

**১১।  অন্তর্ভুক্তিমূলক ব্যবসা সম্প্রসারণে বাংলাদেশ নিজস্ব কৌশল গ্রহণ করেছে : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, অন্তর্ভুক্তিমূলক ব্যবসা সম্প্রসারণের মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে বাংলাদেশ নিজস্ব কৌশল গ্রহণ করেছে। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনে সাফল্যের পর বাংলাদেশ এখন টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করছে। শিল্পখাতের ক্রমাগত প্রবৃদ্ধি এক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। শিল্পমন্ত্রী গতকাল (২৮ সেপ্টেম্বর রোববার) রাজধানীর একটি হোটেলে দ্বিতীয় আন্তর্জাতিক অন্তর্ভুক্তিমূলক ব্যবসা সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (পৃ.১৩,ক,১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক,৭)।

**১২।  সব নদী বন্দরে যাত্রীসেবা ও মানোন্নয়নে সরকার ৪৫টি টার্মিনাল পন্টুন নির্মাণ করছে : নারায়ণগঞ্জে নৌ-পরিবহণ প্রতিমন্ত্রী**

নৌ-পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, সরকার গত ১০ বছরে অর্থনীতি বিকাশের প্রতিবন্ধকতা দূর করতে আইনের শাসন প্রতিষ্ঠা করেছে। নৌ-পরিবহণ সেক্টরে অভূতপূর্ব উন্নয়ন করেছে, যা দৃশ্যমান। আগামী দিনের ভবিষ্যৎ আমাদের সুনীল অর্থনীতিকে কাজে লাগিয়ে নৌ-পরিবহণ খাতকে বিকশিত করতে চাই। সব নদী বন্দরে যাত্রীসেবা ও মানোন্নয়নে সরকার ৪৫টি টার্মিনাল পন্টুন নির্মাণ করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা নদীমাতৃক বাংলাদেশের অপার সম্ভাবনাকে কাজে লাগাতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। গতকাল (২৮ সেপ্টেম্বর রোববার) নারায়ণগঞ্জের মেঘনাঘাটস্থ আনন্দ শিপইয়ার্ডে বিআইডব্লিউটি’র জন্য ৪৫টি টার্মিনাল পন্টুন নির্মাণ কাজের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক,১)।

**১৩। জাতীয় চাঁদ দেখা কমিটির বৈঠক : পবিত্র আখেরি চাহার শম্বা ২৩ অক্টোবর**

গতকাল (২৮ সেপ্টেম্বর রোববার) বাংলাদেশের আকাশে পবিত্র সফর মাসের চাঁদ দেখা যায়নি। আজ সোমবার ৩০ দিনে পূর্ণ হবে মহররম মাস। আগামীকাল ১ অক্টোবর মঙ্গলবার শুরু হবে সফর মাস গণনা। এ হিসাবে আগামী ২৩ অক্টোবর বুধবার পবিত্র আখেরি চাহার শম্বা পালিত হবে। গতকাল (২৯ সেপ্টেম্বর রোববার) ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররম জাতীয় মসজিদে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম প্রতিমন্ত্রী শেখ মোহাম্মদ আবদুল্লাহ। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক,১)।

**১৪। রোহিঙ্গা প্রত্যাবাসনে সেফ জোন সম্ভব নয় : জাতিসংঘ সাধারণ পরিষদে মিয়ানমার**

রোহিঙ্গাদের দেশে ফিরিয়ে নেয়ার ক্ষেত্রে সেফ জোন বা নিরাপদ অঞ্চল গঠনের প্রস্তাব নাকচ করে দিয়ে মিয়ানমার বলেছে, দুই বছর আগে সম্পাদিত দ্বিপক্ষীয় প্রত্যাবাসন চুক্তির বাইরে গিয়ে কিছু করার নেই। জাতিসংঘ সাধারণ পরিষদ অধিবেশনের পঞ্চম দিনের বিতর্কে নিউইয়র্কের স্থানীয় সময় গত ২৭ সেপ্টেম্বর শনিবার রাতে মিয়ানমারের স্টেট কাউন্সিলর কার্যালয়ের মন্ত্রী কোয়ে তিন্ত সোয়ে এ কথা বলেন। তবে আন্তর্জাতিক মহলের উদ্বেগের মুখে তালিকাভুক্ত রোহিঙ্গাদের প্রত্যাবাসনের জন্য আরও উপযোগী পরিবেশ তৈরিতে মিয়ানমার এখন অগ্রাধিকার দেবে বলে প্রতিশ্রুতি দেন দেশটির প্রতিনিধি। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক,৮), **ইত্তেফাক** (পৃ.১,ক,২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক,৮)।

**১৫। ক্রয় নীতিমালা অনুসরণ করে কেনাকাটা করায় ৫ হাজার এক শ' কোটি টাকা সাশ্রয় : বাংলাদেশ সম্পর্কে বিশ্বব্যাংক প্রতিবেদন**

সরকারি ক্রয় নীতিমালা অনুসরণ করে কেনাকাটা করায় ২০১২ থেকে ২০১৮ সাল পর্যন্ত বাংলাদেশের সাশ্রয় হয়েছে ৬০ কোটি মার্কিন ডলার। বাংলাদেশি টাকায় এর পরিমাণ প্রায় ৫ হাজার ১০০ কোটি টাকা। বিশ্বব্যাংকের প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য উপস্থাপন করা হয়। গতকাল (২৯ সেপ্টেম্বর রোববার) রাজধানীর হোটেল রেডিসনে 'এ্যাসেসমেন্ট অভ্ বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট সিস্টেম' শীর্ষক এক কর্মশালায় বিশ্বব্যাংক এ তথ্য উপস্থাপন করে। অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান উপস্থিত ছিলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক,৬), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক,১)।

## সম্পাদকীয়

**ক.** **সংবাদ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সমস্যার সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়ের দ্রুত হস্তক্ষেপ কামনা করেছেন উল্লেখ করে এ ব্যাপারে কূটনৈতিক প্রচেষ্টা জোরদার করার পরামর্শ।

**খ.** **ইত্তেফাক :** প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা ও অবকাঠামো উন্নয়নে বরাদ্দকৃত অর্থে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**গ.** **সমকাল :** বিবিএসের সাম্প্রতিক স্বাস্থ্য ও রোগ জরিপে দেখা গেছে দেড় দশকের ব্যবধানে হৃদরোগসহ অসংক্রামক ব্যাধি তিন থেকে চারগুণ বেড়ে গেছে উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতার আহ্বান।

**ঘ.** **ইনকিলাব :** পদ্মানদী তীব্র ভাঙনপ্রবণ হয়ে উঠেছে উল্লেখ করে ভাঙনরোধ করার পাশাপাশি স্থায়ীভাবে সুরক্ষার ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **যুগান্তর :** হাইওয়ে পুলিশের এক প্রতিবেদনে প্রতিদিন দেশের মহাসড়কগুলোয় কমপক্ষে ২৩ লাখ ৩৯ হাজার টাকা চাঁদা আদায় করা হচ্ছে, বছর হিসেবে যার পরিমাণ অন্যূন ৮৫ কোটি ৩৭ লাখ ৬৯ হাজার টাকা এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এসব অরাজকতা বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**চ.** **অবজারভার :** রাজধানীকে পরিচ্ছন্ন রাখতে সঠিক বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, উন্নয়নের ধারাকে টেকসই করার জন্য শিল্পায়নের গতি বৃদ্ধির কোনো বিকল্প নেই।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বাধা এড়িয়ে এগিয়ে যাবে কন্যা শিশু'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, কন্যাশিশুরা যদি প্রয়োজনীয় পুষ্টি, মানসম্মত শিক্ষা ও নিরাপত্তা পায়, তবে তারা উপার্জনক্ষম এবং স্বাবলম্বী নারী হিসেবে বেড়ে উঠতে পারবে।

#

ডালিয়া/শাম্মী/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা